# কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৮৯. খানা খাওয়ার সময় ‘বিসমিল্লাহ্’ না বলা, ডান হাতে না খাওয়া কিংবা নিজের পাশ থেকে না খাওয়া

’উমর বিন্ আবু সালামাহ্ (রাযিয়াল্লাহু আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: আমি আমার পিতা আবু সালামাহ্’র ইন্তিকালের পর রাসূল (সা.) এর তত্ত্বাবধানেই লালিত-পালিত হচ্ছিলাম। একদা রাসূল (সা.) এর সাথে খানা খাওয়ার সময় আমি প্লেটের এদিক-ওদিক থেকে খাচ্ছিলাম। তখন তিনি আমাকে উদ্দেশ্য করে বললেন:

يَا غُلَامُ سَمِّ اللَّهَ وَكُلْ بِيَمِينِكَ وَكُلْ مِمَّا يَلِيكَ

“হে ছেলে! তুমি আল্লাহ্ তা’আলার নামেই খেতে শুরু করো, ডান হাতে খাও এবং তোমার পাশ থেকেই খাও”।[1]

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ২০২২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11539

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন